ঝিনাইদহে শিকারীদের হাত থেকে উদ্ধার করা পাখি অবমুক্ত

ঝিনাইদহে শিকারের সময় চোরা শিকারীদের হাত থেকে উদ্ধার হওয়া ৩০টি বিলুপ্ত প্রায় পাখি অবমুক্ত করা হয়েছে। রোববার দুপুরে সদর উপজেলার রামনগর গ্রামের মাঠে পাখিগুলো অবমুক্ত করা হয়।

সেসময় বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট বেনাপোল ইনচার্জ জাহাঙ্গীর আলম, ঢাকা ইউনিটের সদস্য জাহিদুল ইসলাম, পরিবেশবিদ জহির রায়হান ও তপু রায়হান উপস্থিত ছিলেন।

পরিবেশবিদ জহির রায়হান শনিবার গভীর রাতে কুমড়াবাড়িয়া ইউনিয়নের কাটিয়ারবিলে চোরা শিকারীরা পাখি শিকার করছে এমন খবরে এলাকাবাসীর সহযোগিতায় জালসহ কাদাখোচা, জলময়ুরসহ ৩টি প্রজাতির ৫৮টি পাখি উদ্ধার করা হয়।

এর মধ্যে জালে জড়িয়ে ২৮ টি মারা গেলে ৩০টি পাখি অবমুক্ত করা হয়। সেই সাথে জব্দ করা জাল পুড়িয়ে দেওয়া হয়।

অ্যাপলের একাধিক সেবা বিঘ্নিত

ব্যাপক বিভ্রাটের কবলে পড়ে অ্যাপ স্টোর, আইক্লাউড, ম্যাপস, পডকাস্ট, অ্যাপলটিভিপ্লাস এবং আই মেসেজসহ অ্যাপলের ডজনখানেক অনলাইন সার্ভিস।

প্রায় তিন ঘণ্টা এ নেটওয়ার্কগুলো ডাউন অবস্থায় ছিল বলে জানা গেছে। অ্যাপলের একাধিক সেবা ব্যবহার করতে পারছেন না? আপনি একা না। ব্লুমবার্গ জানিয়েছে, অ্যাপলের সিস্টেম স্ট্যাটাস পেজে একাধিক গুরুত্বপূর্ণ সেবা বিঘ্নিত হওয়ার তথ্য প্রকাশ হয়েছে। সতর্কীকরণ নোটে বলা হয়েছে, কিছু ব্যবহারকারী সেবাটি পুরোপুরি ব্যবহার করতে পারছেন না। আবার কারও কারও সেবা ধীরগতিতে কাজ করছে। ধীরে ধীরে সেবাগুলো স্বাভাবিক করার চেষ্টা চালাচ্ছে অ্যাপল।

ব্লুমবার্গের গারমান অ্যাপলের সেবাগুলোর বিষয়ে খেয়াল রাখছিলেন। প্রথমে তিনি পডকাস্ট অ্যাপের পাশাপাশি অ্যাপল বিজনেস ম্যানেজার ও স্কুলওয়ার্কের মতো সেবাগুলো বিঘ্নিত হওয়ার বিষয়টি লক্ষ্য করেন। পরে সেগুলো স্বাভাবিক হয়েছে বলে জানান।

অ্যামোলেড ডিসপ্লের রেডমি নোট ১১

শাওমি সোমবার স্থানীয়ভাবে তৈরি নোট সিরিজের প্রথম স্মার্টফোন রেডমি নোট ১১ উন্মোচনের ঘোষণা দিয়েছে। রেডমি নোট ১১ স্মার্টফোন দিয়ে শাওমি তাদের ‘মেইড ইন বাংলাদেশ’ যাত্রাকে আরও শক্তিশালী করলো।

রেডমি নোট ১১ সব আকর্ষণীয় ফিচারের সঙ্গে বাংলাদেশের বাজারে রেডমি নোট সিরিজের সর্বশেষ স্মার্টফোন। ফোনটিতে থাকছে শক্তিশালী আপগ্রেড ক্যামেরা সিস্টেম, চার্জিং স্পিড, ডিসপ্লে এবং এসওসি, যা ফোনটিকে দেবে আগের একই পর্যায়ের ফোনের চেয়ে বেশি ও ফ্ল্যাগশিপ লেভেলের পারফরম্যান্স।

রেডমি নোট ১১ ফোনটিতে দেয়া হয়েছে বড় মাপের ৬.৪৩ ইঞ্চির অ্যামোলেড ডটডিসপ্লে, যাতে রয়েছে এফএইচডিপ্লাস রেজ্যুলেশন, সাধারণ স্ক্রলিং কিংবা গেইম খেলার সময় ডিসপ্লেকে প্রাণবন্ত রাখবে এতে থাকা ৯০ হার্জের রিফ্রেশ রেট। ২.৪ গিগাহার্জের অক্টা-কোর স্ন্যাপড্রাগন ৬৮০ প্রসেসর, এতে দেয়া হয়েছে ফ্ল্যাগশিপ লেভেলের ৬ ন্যানোমিটার প্রসেস প্রযুক্তি, যা শক্তিশালী পারফরম্যান্স দেবে।

এআইভিত্তিক শক্তিশালী কোয়াড ক্যামেরায় রয়েছে আল্ট্রা হাই রেজ্যুলেশনের ৫০ মেগাপিক্সেলের প্রাইমারি ক্যামেরা, যা যেকোনো ধরনের মূল্যবান মুহূর্ত ধরে রাখবে ডিটেইলসহ। সে সঙ্গে রয়েছে একটি ৮ মেগাপিক্সেলের আল্ট্রা-ওয়াইড, ২ মেগাপিক্সেলের ম্যাক্রো ও ২ মেগাপিক্সেলের ডেফথ সেন্সর।

৫০০০ এমএইচ ব্যাটারি ও ৩৩ ওয়াটের প্রো ফাস্ট চার্জিং।

রেডমি নোট ১১ পাওয়া যাবে তিনটি আকর্ষণীয় গ্রাফাইট গ্রে, টোয়াইলাইট ব্লু এবং স্টার ব্লু রঙে। ডিভাইসটির ৪+৬৪ জিবির দাম ১৬ হাজার ৪৯৯ টাকা, ৪+১২৮ জিবি ভ্যারিয়েন্টের দাম ১৭ হাজার ৪৯৯ টাকা এবং ৬+১২৮ জিবির দাম ১৮ হাজার ৯৯৯ টাকা।

ফেসবুক গ্রুপের নতুন টুল

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক প্রতিনিয়তই ব্যবহারকারীদের জন্য নতুন সব ফিচার নিয়ে আসে। প্রতিমাসে প্রায় ১.৮ বিলিয়ন ফেসবুক ব্যবহারকারী গ্রুপ ব্যবহার করেন। ফেসবুক শুধু ব্যবহারকারীদের বার্তা আদান-প্রদানই নয় আয়ের নানা সুযোগ দিচ্ছে।

এবার গ্রুপের জন্য গুরুত্বপূর্ণ একটি টুল নিয়ে আসছে প্ল্যাটফরমটি। সংস্থার পক্ষ থেকে বলা হচ্ছে, নতুন এই টুল ভুয়া খবর আটকাতে সাহায্য করবে। নতুন এই টুল সব গ্রুপেই নজরদারির কাজ করবে। সেই গ্রুপ থেকে ভুয়া খবর ডিলিট করবে নিজে থেকেই। বিশ্বব্যাপী যত ফেসবুক গ্রুপ রয়েছে সব গ্রুপেই এই প্রযুক্তি কাজে লাগানো হবে।

পুরো বিষয়টি আর্টিফিসিয়ল ইন্টেলিজেন্সনির্ভর। বর্তমানে ফেসবুকে যত গ্রুপ রয়েছে এবং ভবিষ্যতে যত গ্রুপ খোলা হবে সবগুলোতেই নজরদারি চালাবে ফেসবুক। এর ফলে কোনো গ্রুপে যদি কোনো মেম্বার বা গ্রুপ অ্যাডমিন ভুয়া পোস্ট করেন তাহলে সঙ্গে সঙ্গে সেই পোস্ট ডিলিট করবে ওই বিশেষ টুল।

এ বিষয়ে ফেসবুক অ্যাপের কমিউনিটি ভাইস প্রেসিডেন্ট মারিয়া স্মিথ একটি ব্লগ পোস্টে বলেন, প্রতিটি গ্রুপের অ্যাডমিনরা সফটওয়্যার অটোমেটিক মডারেশন সুবিধা ব্যবহার করতে পারেন। পুরোটাই নির্ভর করবে এটি গ্রুপ অ্যাডমিনের ওপর। গ্রুপ অ্যাডমিন চাইলে সেই সুবিধা নিতে পারেন, এমনকি কেউ না চাইলে সেই অপশন নাও চালু রাখতে পারেন।

দুই দশক পর সিডির বাজার ঊর্ধ্বমুখী

একসময় ভিডিও অথা অডিও যে কোনো সিনেমা বা গানের অ্যালবাম বাজারে আসত সিডি আকারে। ২০০০ সালেও বৈশ্বিকভাবে সিডির চাহিদা ছিল আকাশচুম্বী; দুই দশক বাজারে স্থবিরতার পর ২০২১ সালে এসে আবারও বিক্রি বেড়েছে সেই সিডির। গান শোনার সবচেয়ে ভালো মাধ্যমগুলোর একটি হিসাবে বিবেচনা করা হয় সিডিকে। তবে গেল কয়েক বছরে সিডি প্লেয়ারের সংখ্যা কমেছে শ্রোতাদের হাতে। রেকর্ডিং ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন অফ আমেরিকা (আরআইএএ) বাজারে প্রথমবারের মতো সিডির বিক্রি বাড়ার খবর জানিয়েছে। সংগঠনটির তথ্য বলছে, ২০২০ সালের দেশটিতে তিন কোটি ১৬ লাখ সিডি বিক্রি হয়েছিল, আয় হয়েছিল ৪৮ কোটি ৩২ লাখ ডলার। কিন্তু ২০২১ সালে সিডি বিক্রি হয়েছে চার কোটি ৬৬ লাখ, আয় হয়েছে ৫৮ কোটি ৪২ লাখ ডলার। এ বছরের শুরুতে বাজার বিশ্লেষক প্রতিষ্ঠান ‘এমআরসি ডেটা’র দেওয়া তথ্যের সঙ্গে ‘আরআইএএ’-এর তথ্যের সামঞ্জস্য রয়েছে বলে এক প্রতিবেদনে উঠে এসেছে।

২০০০ সালের তুলনায় অনেক কমে গিয়েছে সিডির বিক্রি। ওই সময়ে কেবল যুক্তরাষ্ট্রেই সরবরাহ করা হতো ১০০ কোটির বেশি সিডি। সিডির এই পুনরুত্থানকে ইতিবাচকই বলছে প্রযুক্তি বিশেষজ্ঞরা। অনেকের কাছে এখনো ‘ডিজিটাল মিউজিক’-এর তুলনায় ‘ভিনাইল’-এর আওয়াজ ধরা পড়ে তার স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে। সিডিতে যে ‘ডিজিটাল মিউজিক’ থাকে তা অ্যাপল বা অ্যামাজন-এর মতো স্ট্রিমিং সেবার সঙ্গে তুলনামূলক মান বিচারে অভিন্ন বলছে এ খাত সংশ্লিষ্টরা।

দুই দশক পর সিডির বাজার ঊর্ধ্বমুখী

একসময় ভিডিও অথা অডিও যে কোনো সিনেমা বা গানের অ্যালবাম বাজারে আসত সিডি আকারে। ২০০০ সালেও বৈশ্বিকভাবে সিডির চাহিদা ছিল

আকাশচুম্বী; দুই দশক বাজারে স্থবিরতার পর ২০২১ সালে এসে আবারও বিক্রি বেড়েছে সেই সিডির।

গান শোনার সবচেয়ে ভালো মাধ্যমগুলোর একটি হিসাবে বিবেচনা করা হয় সিডিকে। তবে গেল কয়েক বছরে সিডি প্লেয়ারের সংখ্যা কমেছে শ্রোতাদের হাতে। রেকর্ডিং ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন অফ আমেরিকা (আরআইএএ) বাজারে প্রথমবারের মতো সিডির বিক্রি বাড়ার খবর জানিয়েছে।

সংগঠনটির তথ্য বলছে, ২০২০ সালের দেশটিতে তিন কোটি ১৬ লাখ সিডি বিক্রি হয়েছিল, আয় হয়েছিল ৪৮ কোটি ৩২ লাখ ডলার। কিন্তু ২০২১ সালে সিডি বিক্রি হয়েছে চার কোটি ৬৬ লাখ, আয় হয়েছে ৫৮ কোটি ৪২ লাখ ডলার। এ বছরের শুরুতে বাজার বিশ্লেষক প্রতিষ্ঠান ‘এমআরসি ডেটা’র দেওয়া তথ্যের সঙ্গে ‘আরআইএএ’-এর তথ্যের সামঞ্জস্য রয়েছে বলে এক প্রতিবেদনে উঠে এসেছে।

২০০০ সালের তুলনায় অনেক কমে গিয়েছে সিডির বিক্রি। ওই সময়ে কেবল যুক্তরাষ্ট্রেই সরবরাহ করা হতো ১০০ কোটির বেশি সিডি। সিডির এই পুনরুত্থানকে ইতিবাচকই বলছে প্রযুক্তি বিশেষজ্ঞরা। অনেকের কাছে এখনো ‘ডিজিটাল মিউজিক’-এর তুলনায় ‘ভিনাইল’-এর আওয়াজ ধরা পড়ে তার স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে।

সিডিতে যে ‘ডিজিটাল মিউজিক’ থাকে তা অ্যাপল বা অ্যামাজন-এর মতো স্ট্রিমিং সেবার সঙ্গে তুলনামূলক মান বিচারে অভিন্ন বলছে এ খাত সংশ্লিষ্টরা।

রাশিয়ায় আরও সেবা সুবিধা বন্ধ করছে গুগল

রাশিয়ায় ইউটিউব এবং গুগল প্লে-স্টোর তাদের সাবক্রিপশনসহ সমস্ত পেমেন্ট বা অর্থপ্রদান-ভিত্তিক পরিষেবাগুলো বন্ধ করে দিয়েছে। সম্প্রতি গুগল এবং ইউটিউব রাশিয়ায় অনলাইন বিজ্ঞাপন বিক্রি বন্ধের পর নতুন পদক্ষেপ সামনে এলো। খবর রয়টার্সের।

মূলত ইউক্রেনে রাশিয়ার আক্রমণের পর টুইটার এবং স্ন্যাপ এর পদাঙ্ক অনুসরণ করে বিজ্ঞাপন বিক্রি বন্ধ করে গুগল এবং ইউটিউব।

গতকাল বৃহস্পতিবার ইউটিউব কর্তৃপক্ষ এক বিবৃতিতে জানিয়েছে, রাশিয়ায় ইউটিউবের ক্ষেত্রে সব ধরনের মনিটাইজেশন ফিচার স্থগিত করা হচ্ছে। এর মধ্যে ইউটিউব প্রিমিয়াম, চ্যানেল মেম্বারশিপ, সুপার চ্যাট ও মার্চেন্ডাইজের মতো ফিচারগুলো থাকছে।
অবশ্য গুগল প্লে-স্টোরের বিনামূল্যের অ্যাপগুলো রাশিয়ায় বন্ধ করা হয়নি। যদিও এ নিয়ে রাশিয়ার কোনো মন্তব্য পাওয়া যায়নি।

পডকাস্ট আসছে ইউটিউবে

ভিডিও স্ট্রিমিং প্ল্যাটফরম ইউটিউব পডকাস্ট আয়োজকদের ভিডিও ধারণের জন্য অর্থ দিচ্ছে দিচ্ছে। এ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্টরা বলছেন, পডকাস্ট এপিসোড ভিডিও আকারে ধারণ ও অন্যান্য ভিডিও কনটেন্ট নির্মাণের জন্য ৫০ হাজার থেকে তিন লাখ ডলার পর্যন্ত অর্থ দিচ্ছে ভিডিও শেয়ারিং সাইটটি।

পডকাস্ট আয়োজক ও উপস্থাপকদের পেছনে ইউটিউবের এ ‘বিনিয়োগের’ খবর জানিয়েছে বাণিজ্য সংবাদ প্রকাশনা ব্লুমবার্গ। মূলত ভিডিও শেয়ারিং প্ল্যাটফরম হলেও বেশ কয়েকটি জনপ্রিয় পডকাস্টের আয়োজনও করে গুগলের মালিকানাধীন ইউটিউব। সে তালিকায় আছে ‘এইচ৩’ পডকাস্ট, ‘ফুল সেন্ড’ পডকাস্ট, এবং রোগান পলের নেতৃত্বে ‘ইমপলসিভ’ পডকাস্ট। বিতর্কিত পডকাস্ট সিরিজ ‘জো রোগান এক্সপেরিয়েন্স’-এর পরিধি বাড়াতেও বড় ভূমিকা রেখেছিল ইউটিউব। ২০২০ সালে জো রোগানের আয়োজিত পডকাস্টগুলোর স্বত্ব কিনে নেয় স্পটিফাই। নিজস্ব প্ল্যাটফরমের শ্রোতাদের খুশি করার জন্য ইউটিউব যে নিয়মিত ছোট ছোট পদক্ষেপগুলো নিচ্ছে, সাম্প্রতিক ‘বিনিয়োগের’ খবর তারই অংশ।

ফেসবুকে মানহানিকর কনটেন্ট নিয়ন্ত্রণে কমিটি গঠন

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে মানহানিকর কনটেন্ট নিয়ন্ত্রণে কী করা যায় সে বিষয়ে একটি কমিটি গঠন করে দিয়েছেন হাইকোর্ট। আজ বৃহস্পতিবার (১০ মার্চ) বিচারপতি মামনুন রহমান ও বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

এক মাসের মধ্যে কমিটিকে সুপারিশ আকারে রিপোর্ট দাখিল করতে বলা হয়েছে। একইসঙ্গে ফেসবুক নিয়ন্ত্রণে সরকারের নিষ্ক্রিয়তা কেন অবৈধ নয় জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত।

এর আগে, এ বিষয়ে রিট দায়ের করেন দেশ টিভির ব্যবস্থাপনা পরিচালক আরিফুর রহমান। তার পক্ষে আইনজীবী ছিলেন মুস্তাফিজুর রহমান।

পরিবেশের হুমকি হয়ে উঠছে ক্রিপ্টোকারেন্সি

ক্রিপ্টোকারেন্সি তৈরি করতে শক্তিশালী কম্পিউটারের প্রয়োজন। আর তাতে অনেক বিদ্যুৎ খরচ হয়। চীন গত বছর বিটকয়েন প্রস্তুতে নিষেধাজ্ঞা দেওয়ায় যুক্তরাষ্ট্রে বিটকয়েন তৈরির পরিমাণ বেড়েছে।

Revisiting Bitcoin’s carbon footprint শীর্ষক নতুন গবেষণায় দাবি করা হয়েছে, বিটকয়েন তৈরিতে আগে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার করা হতো। কারণ চীন পরিবেশবান্ধব জ্বালানিতে সমৃদ্ধ। কিন্তু চীন বিটকয়েন প্রস্তুতকারকদের বের করে দেওয়ায় এটি তৈরিতে কয়লা ও গ্যাসের মতো জীবাশ্ম জ্বালানি বেশি ব্যবহৃত হচ্ছে। বিটকয়েন প্রস্তুতে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের পরিমাণ ৪১.৬ শতাংশ থেকে কমে ২৫.১ শতাংশে নেমে গেছে। এতে কার্বন ডাই অক্সাইডের দূষণ হচ্ছে। যা পরিবেশের জন্য ক্ষতি বয়ে আনছে।

গত ২৫ ফেব্রুয়ারি গবেষণাটি জুল সাময়িকীতে প্রকাশিত হয়েছে।

গবেষণায় নেতৃত্ব দিয়েছেন অ্যালেক্স ডি ভ্রাইস। তিনি বলেছেন, ‘আমরা গবেষণায় দেখেছি বিটকয়েন তৈরিতে পরিবেশবান্ধব জ্বালানির ব্যবহার কমে গেছে।’
সূত্র: বিবিসি ও দ্য ভার্জ